

ত্রিপুরা সরকার  
তথ্য ও সংস্কৃতি অধিকার

\*\*\*\*\*

স-৫১৫

খোয়াই, ২৫ জুন, ২০২৪

**ত্রিপুরা গ্রামীণ জীবিকা মিশন**  
**খোয়াই জেলাভিত্তিক আলোচনাচক্র**

ত্রিপুরা গ্রামীণ জীবিকা মিশনের খোয়াই জেলা শাখার উদ্যোগে মিশনের বার্ষিক পরিকল্পনা ও তার বাস্তবায়ন নিয়ে দু'দিনব্যাপী জেলাভিত্তিক আলোচনাচক্র আজ সম্পন্ন হয়েছে। আলোচনাচক্রে উপস্থিত ছিলেন খোয়াই জেলার জেলাশাসক ও সমাহর্তা চান্দনী চন্দ্রন, অতিরিক্ত জেলাশাসক অভিজিৎ চক্রবর্তী, ত্রিপুরা গ্রামীণ জীবিকা মিশনের রাজ্য সঞ্চালক কণিকা দেববর্মা, জেলার বিভিন্ন ব্লকের বিডিওগণ প্রমুখ। আলোচনাচক্রে জেলাশাসক বলেন, গ্রামীণ এলাকার মানুষের জীবন জীবিকা ও আর্থসামাজিক মানোন্নয়নে ত্রিপুরা গ্রামীণ জীবিকা মিশনের একটা গুরুত্বপূর্ণ ভূমিকা রয়েছে। এই মিশনের কর্মসূচিতে গ্রামীণ এলাকার মহিলাদের স্বসহায়ক দলের সাথে যুক্ত করে তাদের আত্মনির্ভর করে তোলা হচ্ছে। আলোচনাচক্রে ত্রিপুরা গ্রামীণ জীবিকা মিশনের জেলা কো-অর্ডিনেটর প্রীতম মজুমদার পাওয়ারপয়েন্ট প্রেজেন্টেশনের মাধ্যমে জীবিকাভিত্তিক কর্মসূচিতে কৃষি, উদ্যান, মৎস্য, বন ও পশুপালনের ভূমিকা নিয়ে আলোচনা করেন। তাছাড়াও আলোচনাচক্রে অকৃষিজ প্রকল্প, মাইক্রো এন্টারপ্রাইজেস ডেভেলপমেন্ট প্রকল্প, স্বসহায়ক দল গঠন, ক্লাস্টার লেভেল ফেডারেশন তৈরির বিষয়েও আলোচনা করা হয়।

\*\*\*\*\*